গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা
www.dgfood.gov.bd

**জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩ বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ শাখাওয়াত হোসেন<br>মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা |
| সভার স্থান | : | সভাকক্ষ (২য় তলা), খাদ্য অধিদপ্তর, ঢাকা |
| সভার তারিখ | : | ১১ ডিসেম্বর, ২০২২ |
| সভার সময় | : | বেলা ১০.০০ ঘটিকা |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট- 'ক' |

সভাপতি জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২২-২৩ বাস্তবায়নকল্পে খাদ্য অধিদপ্তরের নৈতিকতা কমিটির ২য় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি সভা পরিচালনার জন্য শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও অতিরিক্ত পরিচালক, প্রশাসন বিভাগকে অনুরোধ জানান। তদানুযায়ী শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারিত সূচি অনুযায়ী আলোচ্য বিষয় সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করেন। সভায় বিষয়ভিত্তিক বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ |
|---|---|---|---|---|
| ০১ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ২য় কোয়ার্টার এর লক্ষ্যমাত্রা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা | ক। কার্যক্রম নং ১.৩: সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন বিষয়ে আলোচনা করা হয়। | ২০২২-২৩ অর্থবছরের ২য় কোয়ার্টারে সববি বিভাগ নির্ধারিত সভা আয়োজন নিশ্চিত করবে। | পরিচালক, সববি বিভাগ |
| | | খ। কার্যক্রম নং ১.৪: শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনে কোয়ার্টার ভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ অনুষ্ঠানের বিষয়ে আলোচনা করা হয়। | লক্ষ্যমাত্রা অনুযায়ী ২য় কোয়ার্টারে নির্ধারিত প্রশিক্ষণ আয়োজন নিশ্চিতকরণপূর্বক যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। | পরিচালক প্রশিক্ষণ বিভাগ |
| | | গ। কার্যক্রম নং ১.৫: সভায় কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/ নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি) বিষয়ে আলোচনা হয়। | ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টারে নির্ধারিত 'ডেঙ্গু প্রতিরোধী পরিচ্ছন্নতা অভিযান' শীর্ষক কার্যক্রম যথাসময়ে বাস্তবায়নপূর্বক যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। | পরিচালক, প্রশাসন (নেজারত শাখা) |
| | | ঘ। কার্যক্রম নং ২.১: ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব ও উন্নয়ন বাজেটের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে মর্মে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্তগণ সভায় অবহিত করেন। প্রযোজ্য ক্ষেত্রে প্রকাশিত ক্রয় পরিকল্পনা সংশোধনপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে ওয়েব সাইটে প্রকাশের বিষয়ে সভায় আলোচনা হয়। | সংশোধিত ক্রয় পরিকল্পনা আগামী ২৮/০২/২০২৩খ্রি. তারিখের মধ্যে আবশ্যিকভাবে ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করতে হবে। | পরিচালক, প্রশাসন/ চসসা/সববি/ সংগ্রহ/পওকা/ হিসাব ও অর্থ /প্রশিক্ষণ /নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট/ কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট/ প্রকল্প পরিচালক (সকল) |
| | | ঙ। কার্যক্রম নং ২.২: সভায় অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার (রাজস্ব ও উন্নয়ন বাজেটের) যথাযথ বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা করা হয়। | নির্ধারিত সময়ে লক্ষ্যমাত্রা অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত বিভাগ/প্রকল্প/ইউনিট ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন করবেন এবং প্রমাণক হিসেবে ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন আবশ্যিকভাবে নিয়মিত যথাসময়ে দাখিল করবেন। | |
| | | চ। কার্যক্রম নং ২.৩: বাজেটের যথাযথ বাস্তবায়ন নিয়ে সভায় আলোচনা করা হয়। | লক্ষ্যমাত্রা অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত বিভাগ/প্রকল্প/ইউনিট সংশ্লিষ্ট বাজেটের যথাযথ বাস্তবায়ন করবেন এবং প্রমাণক হিসেবে ত্রৈমাসিক ভিত্তিতে iBAS++ প্রতিবেদন আবশ্যিকভাবে দাখিল করবেন। iBAS++ এ অন্তর্ভুক্ত না থাকলে সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় হতে প্রাপ্ত সার্টিফিকেট দাখিল করবেন। | পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ছ। কার্যক্রম নং ২.৪: কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের PIC সভা আয়োজন সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়। | ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী নিম্নোক্তভাবে PIC সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়:<br>১। আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্প = ১টি;<br>২। সারাদেশে পুরাতন খাদ্য গুদাম ও আনুষঙ্গিক সুবিধাদির মেরামত এবং নতুন অবকাঠামো নির্মাণ প্রকল্প = ১টি;<br>৩। খাদ্যশস্যের পুষ্টিমান নিশ্চিত করার লক্ষ্যে প্রিমিক্স কার্নেল মেশিন ও ল্যাবরেটরী স্থাপন এবং অবকাঠামো নির্মাণ প্রকল্প = ১টি; মোট = ০৩টি | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| | | জ। কার্যক্রম নং ২.৫: প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র (বিধি মোতাবেক হস্তান্তর) বিষয়ে সভায় আলোচনা হয়। | "খাদ্যশস্যের পুষ্টিমান নিশ্চিত করার লক্ষ্যে প্রিমিক্স কার্নেল মেশিন ও ল্যাবরেটরী স্থাপন এবং অবকাঠামো নির্মাণ" প্রকল্পের প্রকল্প পরিচালক সভায় অবহিত করেন যে উল্লিখিত প্রকল্পের মেয়াদ ৬ মাস বৃদ্ধি করে ৩০/০৬/২০২৩ পর্যন্ত করা হয়েছে। মেয়াদ শেষে বিধি মোতাবেক যথাসময়ে প্রকল্পের সম্পদ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| | | ঝ। কার্যক্রম নং ৩.১: খাদ্য অধিদপ্তরের যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে পরিচালক, চসসা বিভাগকে অনুরোধ করা হয়। | খাদ্য অধিদপ্তরের যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণপূর্বক সংশ্লিষ্ট প্রমাণক যথাসময়ে দাখিল করতে হবে। | পরিচালক চসসা বিভাগ |
| | | ঞ। কার্যক্রম নং ৩.২: কর্মকর্তা/কর্মচারীদের নিয়মিত উপস্থিতি, কাজের মান ও আচরণ বিবেচনায় ত্রৈমাসিক ভিত্তিতে প্রতি বিভাগ/ইউনিটে ১ (এক) জন সেরা কর্মকর্তা/কর্মচারীর তালিকা যথাসময়ে প্রকাশের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | উল্লিখিত কার্যক্রম যথাসময়ে বাস্তবায়নপূর্বক সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিগণ নির্ধারিত প্রমাণক দাখিল করবেন। | পরিচালক (সকল বিভাগ)/ অতিরিক্ত পরিচালক (সকল অনুবিভাগ)/ ইউনিট প্রধান (সকল) |
| | | ট। কার্যক্রম নং ৩.৩: খাদ্য অধিদপ্তর এবং আওতাধীন আঞ্চলিক ও জেলা পর্যায়ের দপ্তরসমূহে দুর্নীতি প্রতিরোধ ও নৈতিক স্লোগান সম্বলিত স্টিকার বিতরনে পরিচালক, প্রশাসন বিভাগকে অনুরোধ করা হয় | পরিচালক, প্রশাসন বিভাগ (নেজারত শাখা) খাদ্য অধিদপ্তর এবং আওতাধীন আঞ্চলিক ও জেলা পর্যায়ের দপ্তরসমূহে দুর্নীতি প্রতিরোধ ও নৈতিক স্লোগান সম্বলিত স্টিকার বিতরনপূর্বক সংশ্লিষ্ট প্রমানক দাখিল করবেন। | পরিচালক প্রশাসন বিভাগ (নেজারত শাখা) |
| | | ঠ। কার্যক্রম নং ৩.৪: সারাদেশে সাইলো ও সিএসডি সমূহে ওয়েব্রিজ স্কেলসমূহ নিয়মিত বিএসটিআই কর্তৃক ক্যালিব্রেশন পূর্বক ক্যালিব্রেশন সনদ ও স্ট্যাম্পিং স্টিকার প্রদর্শন নিশ্চিতকরণ বিষয়ে সভায় আলোচনা হয়। | কর্মপরিকল্পনার নির্ধারিত সময়ে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিতকরণপূর্বক যথাযথ প্রমাণক দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক পওকা বিভাগ |
| ০২ | কোয়ার্টার ভিত্তিক বাস্তবায়ন প্রতিবেদন নির্ধারিত সময়ে প্রেরণ নিশ্চিতকরণ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রতি কোয়ার্টার সম্পন্ন হওয়ার দ্রুততম সময়ে বাস্তবায়ন প্রতিবেদন যথাযথ প্রমাণকসহ শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট প্রেরণের বিষয়ে সভা আলোচনা করা হয়। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতি কোয়ার্টার শেষ হওয়ার পরবর্তী মাসের ০৩ তারিখের মধ্যে কোয়ার্টার ভিত্তিক নির্ধারিত লক্ষ্যমাত্রার বাস্তবায়ন প্রতিবেদন প্রমাণকসহ সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্তগণ আবশ্যিকভাবে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও অতিরিক্ত পরিচালক, প্রশাসন এর নিকট প্রেরণ নিশ্চিত করবেন। | সংশ্লিষ্ট বিভাগ/ ইউনিট প্রধান এবং প্রকল্প পরিচালক (সকল) |

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে আন্তরিক প্রচেষ্টা গ্রহণের অনুরোধসহ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শাখাওয়াত হোসেন
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন-০২২২৩৩৫৪৮৩৪
dg@dgfood.gov.bd

CamScanner

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৩১.১৬.০০২.২১ ৫৩৬ (২৫)

তারিখ: ১৪/১২/২০২২খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে-

০১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা
০৩। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা
০৪। প্রকল্প পরিচালক, সারাদেশে পুরাতন খাদ্য গুদাম ও আনুষঙ্গিক সুবিধাদির মেরামত এবং নতুন অবকাঠামো নির্মাণ প্রকল্প/ খাদ্যশস্যের পুষ্টিমান নিশ্চিত করার লক্ষ্যে প্রিমিক্স কার্নেল মেশিন ও ল্যাবরেটরী স্থাপন এবং অবকাঠামো নির্মাণ প্রকল্প, খাদ্য অধিদপ্তর, ঢাকা
০৫-১১। পরিচালক, প্রশাসন/সবব্যি/চসসা/পউকা/সংগ্রহ/প্রশিক্ষণ/হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
১২। প্রকল্প পরিচালক, আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্প, প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৭), ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
১৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা
১৪-১৫। অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ/এমআইএস এন্ড এম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
১৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
১৭। প্রশাসনিক কর্মকর্তা, নেজারত শাখা, খাদ্য অধিদপ্তর, ঢাকা
১৮। অফিস কপি

১৪/১২/২২

মাহবুবুর রহমান খান
অতিরিক্ত পরিচালক (চলতি দায়িত্ব)

CamScanner